নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৩৪.০০৪.২০২০.১৪২

তারিখ: ২৬ বৈশাখ ২০৩০ / ০৯ মে ২০২৩

বিষয়: নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২২.২৫২ তারিখ: ২৭.০৪.২০২৩

নির্বাচন কমিশনের ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ২৫ মে ২০২৩ তারিখে গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন, ১২ জুন ২০২৩ তারিখে খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন এবং ২১ জুন ২০২৩ তারিখে রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত)। উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে (অনুলিপি সংযুক্ত)। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে এবং কোন কোন ক্ষেত্রে বেসরকারি অফিস/প্রতিষ্ঠান হতেও প্রয়োজনীয় সংখ্যক ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করা প্রয়োজন হবে। উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে কারও কারও নির্বাচনে অন্যান্য দায়িত্ব পালনের প্রয়োজন হতে পারে। সরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হতে উল্লেখ্যযোগ্য সংখ্যক ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ ছাড়াও নির্বাচনে বিভিন্ন দায়িত্ব প্রদান করা হবে। নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হবে। এ ছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে।

০২। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৬ অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচনের কাজে সহায়তা প্রদান করা সকল নির্বাহী কর্তৃপক্ষের কর্তব্য এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৩ অনুযায়ী নির্বাচন কমিশন তার দায়িত্ব পালনে সহায়তা প্রদান করার উদ্দেশ্যে রাষ্ট্রের যে কোন ব্যক্তি বা নির্বাহী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারবে এবং অনুরূপভাবে নির্দেশিত হলে উক্ত ব্যক্তি বা নির্বাহী কর্তৃপক্ষ উল্লিখিত দয়িত্ব পালন বা উক্তরূপ সহায়তা প্রদান করতে বাধ্য থাকবে। উক্ত বিধিমালার বিধি ৮৯ অনুযায়ী নির্বাচনের সময়সূচি সংক্রান্ত প্রজ্ঞাপন জারির পর হলে ফলাফল সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার পর ১৫ (পনের) দিন সময় অতিক্রান্ত না পর্যন্ত নির্বাচন কমিশনের অনুমতি ব্যতীত কোন কর্মকর্তা/কর্মচারীকে অন্যত্র বদলি করা যায় না। নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ অনুসারে কোন ব্যক্তি নির্বাচন সংক্রান্ত কাজের দায়িত্বপ্রাপ্ত হলে তিনি তাঁর উক্তরূপ নিয়োগের পর নির্বাচনি দায়িত্ব হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁর চাকরির অতিরিক্ত দায়িত্ব হিসেবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকরিরত আছেন বলে গণ্য হবেন।

০৩। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৫ অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

০৪। এমতাবস্থায়,

(ক) উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি অনুযায়ী পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাগণের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৫ অনুচ্ছেদ ও ৪৪ঙ এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর অনুসারে নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে অন্যত্র বদলি করা যাবে না। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধাসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থাকে নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। উপরোল্লিখিত নির্দেশনাসমূহ জারিসহ আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে বাংলাদেশ নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহায়তা প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/বেসরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/শিক্ষক/ কর্মচারীকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯.০৫.২৩
(এ, এস, এম ফেরদৌস)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮৭৪৪৯
email: gfa_branch@cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৩৪.০০৪.২০২০.১৪২

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩০ / ০৯ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব,.......................................................................মন্ত্রণালয়/ বিভাগ।
০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/বরিশাল/রাজশাহী/সিলেট।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, গাজীপুর/খুলনা/ বরিশাল/রাজশাহী/সিলেট।
০৭। পুলিশ সুপার, গাজীপুর/খুলনা/বরিশাল/রাজশাহী/সিলেট।
০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, গাজীপুর/খুলনা/বরিশাল/রাজশাহী/সিলেট ও রিটার্নিং অফিসার।
০৯। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর/খুলনা/ বরিশাল/রাজশাহী/সিলেট।
১০। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল/রাজশাহী অঞ্চল, রাজশাহী/ সিলেট অঞ্চল, সিলেট
১১। জেলা নির্বাচন অফিসার, গাজীপুর/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঝিনাইদহ/নড়াইল/বরিশাল/পিরোজপুর/ ভোলা/মাদারীপুর/রাজশাহী/সিরাজগঞ্জ/নওগাঁ/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী রিটার্নিং অফিসার
১২। অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১৩। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, টঙ্গী, শ্রীপুর, কালীগঞ্জ, কালিয়াকৈর, গাজীপুর/কেরানীগঞ্জ, সাভার, ঢাকা/, বাসাইল, টাংগাইল/ শ্রীনগর, মুন্সিগঞ্জ/ সোনারগাঁও, বন্দর, আড়াইহাজার, নারায়নগঞ্জ/মানিকগঞ্জ সদর, হরিরামপুর, সাটুরিয়া, মানিকগঞ্জ/ ডুমুরিয়া, খুলনা/ মনিরামপুর, যশোর/ বাগেরহাট সদর, বাগেরহাট/ ভোলা সদর, ভোলা/ বরিশাল সদর, বানারী পাড়া, বরিশাল/ বরগুনা সদর, বরগুনা/মির্জাগঞ্জ, পটুয়াখালী/ পবা, বাগমারা, গোদাগাড়ী, পুঠিয়া, রাজশাহী/ দুপচাঁচিয়া, বগুড়া/নাটোর সদর, নাটোর/ নবীগঞ্জ, হবিগঞ্জ/ বরুড়া, কুমিল্লা/ সিলেট সদর, গোলাপগঞ্জ, দক্ষিণ সুরমা, বালাগঞ্জ, সিলেট/ মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

১৪। থানা নির্বাচন অফিসার, পল্লবী, ক্যান্টনমেন্ট, ডেমরা, তেজগাঁও, ঢাকা/ খুলনা সদর, সোনাডাঙ্গা, দৌলতপুর, খুলনা ও সহকারী রিটার্নিং অফিসার

১৫। উপজেলা নির্বাচন অফিসার, গাজীপুর সদর, টঙ্গী, শ্রীপুর, কালীগঞ্জ, কালিয়াকৈর, গাজীপুর/ কেরানীগঞ্জ, ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা/, বাসাইল, টাংগাইল/ শ্রীনগর, মুন্সিগঞ্জ/ সোনারগাঁও, বন্দর, আড়াইহাজার, নারায়নগঞ্জ/মানিকগঞ্জ সদর, হরিরামপুর, সাটুরিয়া, মানিকগঞ্জ/ ডুমুরিয়া, খুলনা/ মনিরামপুর, যশোর/ বাগেরহাট সদর, বাগেরহাট/ ভোলা সদর, ভোলা/ বরিশাল সদর, বানারী পাড়া, বরিশাল/ বরগুনা সদর, বরগুনা/মির্জাগঞ্জ, পটুয়াখালী/ পবা, বাগমারা, গোদাগাড়ী, পুঠিয়া, রাজশাহী/ দুপচাঁচিয়া, বগুড়া/নাটোর সদর, নাটোর/ নবীগঞ্জ, হবিগঞ্জ/ বরুড়া, কুমিল্লা/ সিলেট সদর, গোলাপগঞ্জ, দক্ষিণ সুরমা, বালাগঞ্জ, সিলেট/ মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ও সহকারী রিটার্নিং অফিসার

১৬। সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

০৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

০২.০৫.২৬

(এ, এস, এম ফেরদৌস)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮৭৪৪৯
email: gfa_branch@cabinet.gov.bd